**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 29-07-24** **Desk in Charge :**

**Time : 7-35 AM** **Compiling :**

**Morning /Day /Evening National/ Regional/ General**

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, তরুণ প্রজন্মের মাদক আসক্তির শিকার হওয়া নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন।

২/ আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেছেন, সরকারের নানা উদ্যোগের ফলে দেশে বাঘের সংখ্যা বাড়ছে।

৩/ উচ্চ মাধ্যমিকের বিভিন্ন বিষয়ের শিক্ষকদের নিয়ে অনলাইনে এবার ওরিয়েন্টেশন প্রোগ্রাম ৩১ শে জুলাই শুরু হচ্ছে।

৪/ ইস্টবেঙ্গল ক্লাবের ‘বাংলার গৌরব’ সম্মান পাচ্ছেন ভারতীয় দলের পেস বোলার মহম্মদ সামি।

**************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, তরুণ প্রজন্মের মাদক আসক্তির শিকার হওয়া নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। গতকাল আকাশবাণীর বিশেষ মাসিক অনুষ্ঠান মন কি বাত-এর ১১২-তম পর্বে শ্রী মোদী বলেন, ছেলে মেয়েদের ড্রাগের মতো ভয়ংকর বিপদের হাত থেকে বাঁচাতে প্রত্যেক পরিবারেরই চিন্তার অন্ত থাকে না। এই পরিস্থিতিতে সরকার একটি বিশেষ কেন্দ্র খুলেছে যার নাম

‘MANAS’। চালু হয়েছে এ’সম্পর্কিত একটি হেল্পলাইন নম্বর’ও। এতে ফোন করলে জরুরী পরামর্শ মিলছে।

( বাইট- MKB MANAS )

প্রধানমন্ত্রী বলেন, গ্রামের মহিলারা স্বনির্ভর হয়ে উঠলে দেশের সামগ্রিক পরিস্থিতি বদলে যায়। ‘UNNATI’ সেলফ হেল্প গ্রুপ–এর সঙ্গে যুক্ত হয়ে মহিলারা এখন পর্যাপ্ত অর্থ উপার্জন করছেন।

আজ **বিশ্ব ব্যাঘ্র দিবস**। প্রধানমন্ত্রী বলেন, ভারতীয় সংস্কৃতির সঙ্গে বাঘের শৌর্য্য এবং বিক্রম ওতপ্রতোভাবে জড়িত। ভারতবর্ষের এমন অনেক গ্রাম রয়েছে যেখানে মানুষ ও বাঘ পাশাপাশি বসবাস করেন। বাঘেদের বসতি স্থাপনের উত্তম পরিবেশ তৈরীর জন্য অনেক জায়গায় বিভিন্ন ধরনের কর্মকান্ড শুরু হয়েছে বলেও জানান তিনি।

( বাইট- MKB টাইগার )

*************************

আজ বিশ্ব ব্যাঘ্র দিবস। সৌন্দর্য ও আভিজাত্যের প্রতীক এই বন্য প্রাণীটির সংরক্ষণের উদ্দেশ্যে দিনটি উদযাপিত হচ্ছে। সাম্প্রতিক পরিসংখ্যানে দেশে বাঘের সংখ্যা অনেকটাই আশাব্যঞ্জক। এর পাশাপাশি বাড়ছে মানুষ-পশু সংঘাত’ও। বিশেষজ্ঞদের মতে, নগরায়নের প্রয়োজনে যথেচ্ছভাবে অরণ্য ধ্বংস করার ফলে এক জঙ্গল থেকে অন্য জঙ্গলে বন্যপ্রাণীদের স্বাধীন ঘোরাফেরার সংযোগ নিশ্চিহ্ন হয়ে যাওয়ায়, সমস্যা তৈরি হচ্ছে।

(একটি প্রতিবেদন- ক্যাপসুল-অভিজিত)

ব্যাঘ্র দিবস উপলক্ষে গতকাল কলকাতায় সুন্দরবন গবেষক জ্যোতিরিন্দ্র নারায়ণ লাহিড়ী সম্পাদিত “সুন্দরবনের বাঘ" বইটি প্রকাশ করেন রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের চেয়ারম্যান কল্যাণ রুদ্র।

ব্যাঘ্র দিবস উপলক্ষে দক্ষিণ ২৪ পরগনা জেলা বনবিভাগ কুলতলির মৈপিঠে একটি অনুষ্ঠানের আয়োজন করেছে।

*************************

উচ্চ মাধ্যমিকের বিভিন্ন বিষয়ের শিক্ষকদের নিয়ে অনলাইনে এবার ওরিয়েন্টেশন প্রোগ্রাম ৩১ শে জুলাই শুরু হচ্ছে। উচ্চমাধ্যমিক পর্ষদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য এই সম্পর্কিত একটি বিজ্ঞপ্তি জারি করেছেন।

শিক্ষানুরাগী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক কিঙ্কর অধিকারী সংসদের এই উদ্যোগকে স্বাগত জানিয়েছেন। তবে সেমেস্টার পদ্ধতিতে, উচ্চমাধ্যমিকের অনেক বিষয়, বিশেষ করে ইংরেজি, বাংলা, ইতিহাস এর সিলেবাস যে ভাবে তৈরি করা হয়েছে তাতে ছাত্র-ছাত্রীদের মধ্যে ভীতির সঞ্চার হয়েছে বলে তাঁর অভিযোগ। তিনি বলেন, নির্দিষ্ট সময়ের মধ্যে সমস্ত বিষয়ের সিলেবাস শেষ করা অত্যন্ত কঠিন। শিক্ষা ব্যবস্থাকে আরও বেশি টিউশন নির্ভর করে দেওয়া হয়েছে। সিলেবাস তৈরীর ক্ষেত্রে বিদ্যালয় শিক্ষকদের মতামত না নিয়ে এই সিলেবাস তৈরি করা হয়েছে, তাই এ বিষয়ে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের পুনর্বিবেচনা দরকার বলে তিনি মনে করেন।

All Post Graduate Teachers' Welfare Association এর সাধারণ সম্পাদক চন্দন গরাই বলেন,নতুন সেমিস্টার সিস্টেম চালুর আগে এই ধরনের ওরিয়েন্টেশন প্রোগ্রাম আয়োজন করা উচিত ছিল। সংসদের অবিলম্বে বিষয়ভিত্তিক সেমিস্টারগুলির নমুনা প্রশ্নোত্তর পুস্তিকা প্রকাশ করা উচিত বলে তিনি মনে করেন।

*************************

ন্যাশনাল টেস্টিং এজেন্সি NTA ‘কমন ইউনিভার্সিটি এনট্রান্স টেস্ট’- CUET UG 2024 এর ফল প্রকাশ করেছে। ১৪ লক্ষ ৯৯ হাজারের বেশি পরীক্ষার্থী এই পরীক্ষা দিয়েছিলেন। দেশের ২৮৩ টি কেন্দ্রীয় রাজ্য এবং অন্যান্য বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তির জন্য এই প্রবেশিকা পরীক্ষা নেওয়া হয়। ৩৭৯ টি শহরের গত ১৫ ই মে থেকে ২৯ শে মে পর্যন্ত বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে প্রার্থীরা পরীক্ষা দিয়েছেন। দেশের বাইরেও ২৬ টি শহরে খোলা হয় পরীক্ষা কেন্দ্র।

*************************

কলকাতার আনন্দপুর থানা এলাকার উত্তর পঞ্চান্নগ্রামে তপসিয়া রোডে আরিফ খান নামে এক প্রমোটার খুনের ঘটনায় ধৃত জাকির খানকে আজ আদালতে তোলা হবে। তবে, মূল অভিযুক্ত আব্বাসকে এখনও গ্রেফতার করতে পারেনি পুলিশ। গত শুক্রবার আরিফ খানকে কুপিয়ে খুন করা হয়।

****************************

বর্ধমানের কালনার শাসপুরের দেবনাথ পাড়ায় বাড়ির পাঁচিল দেওয়াকে কেন্দ্র করে মারধোরের অভিযোগ উঠেছে কালনা শহর তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক গোপাল তিওয়ারি ও তাঁর দলবলের বিরুদ্ধে। মারধোরের একটি ভিডিও সমাজ মাধ্যমে ছড়িয়ে পড়েছে। সেখানে ওই তৃণমূল নেতা এক মহিলাকে মারধোর করছেন বলে দেখা গেছে। আক্রান্ত গৃহবধূ সুজাতা পাল কালনা থানায় অভিযোগ দায়ের করেন। কালনা মহকুমা হাসপাতালে ওই গৃহবধূর চিকিৎসা হয়।

নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে পুলিশ গোপাল তিওয়ারি কে গ্রেপ্তার করেছে। গতকাল তাঁকে কালনা আদালতে তোলা হলে বিচারপতি জামন মঞ্জুর করেন।

****************************

পুরুলিয়ার ঝালদা থানার তুলিন মৌজায় জমির দখলদারিকে কেন্দ্র করে গতকাল উত্তেজনা ছড়ায়। দু’পক্ষের মধ্যে হাতাহাতি শুরু হলে পরিস্থিতি নিয়ন্ত্রণে বিশাল পুলিশ বাহিনী সেখানে যায়।

জানা গেছে, স্থানীয় তৃণমূল নেতা শেখ সুলেমান, পুরো জমি কিনে নিয়েছেন বলে দাবী করে জমির দখল নিতে গেলে স্থানীয় ক্লাবের পক্ষ থেকে বাধা দেওয়া হয়। এরপরই শুরু হয় গোলমাল।

****************************

খুনের অভিযোগ না নেওয়ায় কোচবিহারের পুন্ডীবাড়ি থানার রাজারহাট চৌপত্তিতে গতরাতে জাতীয় সড়ক অবরোধ করেন উত্তেজিত জনতা।

জানা গেছে, মামনি খাতুন নামে এক তরুণীর সঙ্গে যাত্রাপুর এলাকার জাহাঙ্গীর মিঞার বছর পাঁচেক আগে বিয়ে হয়। তারপর থেকেই মামনির ওপর

শারীরিক ও মানসিক নির্যাতন চলতো বলে অভিযোগ। গত শনিবার রাতে মামনির অসুস্থতার খবর পেয়ে পরিবারের লোকেরা প্রথমে তাঁর শ্বশুরবাড়ি ও পরে হাসপাতালে যান। সেখানে গিয়ে তাঁরা তাঁদের মেয়ের মৃতদেহ দেখতে পান। দেহে আঘাতের চিহ্ন ছিল। রাতেই পুন্ডীবাড়ি থানায় অভিযোগ জানাতে গেলে পুলিশ তাঁদের ফিরিয়ে দেয় বলে অভিযোগ। প্রতিবাদে মৃতদেহ নিয়ে ১৭ নম্বর জাতীয় সড়ক অবরোধ করেন পরিবার পরিজনরা। ঘন্টাখানেক অবরোধ চলার পর পুলিশের আশ্বাসে অবরোধ ওঠে।

*************************

কলকাতার মা উড়ালপুলে আজ ভোরে একটি গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে গেলে একজন আহত হয়েছেন। পুলিশ তাঁকে হাসপাতালে নিয়ে যায়।

দ্রুতগতিতে থাকা গাড়িটি ডিভাইডারে ধাক্কা মারে বলে জানা গেছে।

*************************

নদীগর্ভ থেকে অবৈধভাবে প্রতিদিন বালি তুলে নেওয়ায় দামোদরের গতিপথ পরিবর্তন হচ্ছে বলে বিজেপি নেত্রী তথা আসানসোল দক্ষিণের বিধায়ক অগ্নিমিত্রা পাল অভিযোগ করেছেন।

গতকাল বার্ণপুরে ভুতনাথ ঘাটে রেলসেতুর কাজের অগ্রগতি পরিদর্শন করে তিনি বলেন, বালি তুলে নেওয়ার ফলে রেল ব্রিজের পিলার ক্ষতিগ্রস্ত হচ্ছে। যেকোনো সময় ঘটে যেতে পারে বড়সর দুর্ঘটনা। প্রশাসন সব জেনেও কোনো ব্যবস্থা নিচ্ছে না বলে তিনি মন্তব্য করেন। বিষয়টি বিধানসভাতেও তিনি তুলবেন বলে জানিয়েছেন।

*************************

শ্রাবণ মাসে মহাদেব শিবের জলাভিষেকের জন্য যাওয়া পুণ্যার্থীদের সুবিধার্থে পূর্ব রেল আজ বিশেষ ট্রেন চালাচ্ছে। শেওড়াফুলি ও তারকেশ্বরের মধ্যে EMU স্পেশ্যাল ট্রেনগুলি শেওড়াফুলি থেকে সকাল ৬'টা ৫৫, ৯'টা ২০ মিনিট বিকেল ৪'টে ২০ মিনিট ও সন্ধ্যা ৭'টা ৪০ মিনিটে ছাড়ছে। একই পথে তারকেশ্বর থেকে ট্রেন ছাড়ছে সকাল ৫'টা ৫৫, ৮'টা ১০, ২'টো ৫০ এবং সন্ধ্যা ৬'টা ০ মিনিটে।

হাওড়া ও তারকেশ্বরের মধ্যেও চলাচল করছে বিশেষ ট্রেন। পুন্যার্থীদের সুবিধায় স্টেশনে খোলা হয়েছে অতিরিক্ত বুকিং কাউন্টার।

এদিকে, ১৩১০৯ কলকাতা-ঢাকা মৈত্রী এক্সপ্রেস এবং ১৩১০৭ ঢাকা-কলকাতা মৈত্রী এক্সপ্রেস আগামীকাল বাতিল থাকছে বলে রেল সূত্রে জানানো হয়েছে। শর্ত সাপেক্ষে বাতিল ট্রেনের ভাড়া পুরোটাই ফেরত দেওয়া হবে বলে পূর্ব রেল সূত্রের খবর।

*************************

ইস্টবেঙ্গল আজ ডুরান্ড কাপ অভিযান শুরু করছে। প্রতিপক্ষ ইন্ডিয়ান এয়ারফোর্স। যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়।

*************************

ভারতের পেস বোলার মহম্মদ শামিকে ইস্টবেঙ্গল ক্লাব বাংলার গৌরব সম্মান প্রদান করবে। আগামী পয়লা আগস্ট ক্লাবের ১০৫ তম প্রতিষ্ঠা দিবসে শামির হাতে এই সম্মান তুলে দেওয়া হবে। এবার প্রাক্তন ফুটবলার রঞ্জিত মুখার্জী ও প্রশান্ত ব্যানার্জীকে জীবনকৃতি সম্মাননা প্রদান করা হবে। নন্দকুমার সেকারকে বর্ষসেরা ফুটবলার এবং গোলরক্ষক প্রভু সুকন সিং গিলকে বর্ষসেরা উদীয়মান খেলোয়াড়ের পুরস্কার দেওয়া হবে। কার্লেস কুয়াদ্রাতকে সেরা কোচের পুরস্কার দেওয়া হবে।

আগেই জানানো হয়েছে, ইস্টবেঙ্গল ক্লাব এবার ভারতের ক্রিকেট দলের প্রাক্তন অধিনায়ক সৌরভ গাঙ্গুলিকে ভারত গৌরব সম্মানে সম্মানিত করবে।

***********************************************************